



৪-৫ ফেব্রুয়ারি, ২০২২ তারিখে সম্ভাব্য বৃষ্টিপাতের জন্য কৃষি আবহাওয়া পরামর্শ

প্রকাশের তারিখ : ০২ ফেব্রুয়ারি, ২০২২

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের মধ্যমেয়াদি পূর্বাভাস অনুযায়ী আগামী ৪-৫ ফেব্রুয়ারি হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টিপাত হওয়ার সম্ভাবনা রয়েছে। বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর থেকে প্রাপ্ত তথ্য উপাত্ত বিশ্লেষণ সাপেক্ষে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মহোদয়ের অনুমোদনক্রমে নিম্নলিখিত কৃষি-আবহাওয়া পরামর্শসমূহ প্রদান করা হলো:

- অতিরিক্ত পানি নিষ্কাশনের জন্য ডাল জাতীয় এবং মাঠে দন্ডায়মান অন্যান্য ফসলের জমির চারপাশে নিষ্কাশন নালা তৈরি করুন।
- আলুর জমি থেকে অতিরিক্ত পানি নিষ্কাশন করুন। নাবী ক্ষসা রোগ থেকে রক্ষার জন্য মাঠ পর্যবেক্ষণ করুন। কুয়াশাময় আবহাওয়া দীর্ঘায়িত হলে অনুমোদিত বালাইনাশক প্রয়োগ করুন।
- আবহাওয়ার এই পরিস্থিতিতে গমে ব্লাস্ট রোগ দেখা দিতে পারে। যদি রোগের লক্ষণ দেখা যায় বৃষ্টিপাতের পর অনুমোদিত বালাইনাশক প্রয়োগ করুন।
- বোরো ধানের জমিতে অতিরিক্ত পানি জমে থাকলে নিষ্কাশন করুন।
- ৪-৫ ফেব্রুয়ারি সেচ, সার ও বালাইনাশক প্রয়োগ বন্ধ রাখুন।
- মাঠে দন্ডায়মান পরিপক্ক ফসল দ্রুত সংগ্রহ করে নিরাপদ জায়গায় রাখুন।
- গবাদি পশুকে শুকনো ও পরিষ্কার জায়গায় রাখুন। নিউমোনিয়া থেকে সুরক্ষায় সকালে ও সন্ধ্যায় দুগ্ধবতী গাভী ও বাছুরকে চটের বস্তা দিয়ে জড়িয়ে দিন।



ড. মোঃ শাহ কামাল খান
প্রকল্প পরিচালক

মোবাইল নং +৮৮০১৭১২ ১৮৪২৭৪